



বাংলাদেশ কৃষি ব্যাংক
 প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
 ৮৩-৮৫, মতিবিল বাণিজ্যিক এলাকা, ঢাকা
 মানিলভারিং প্রতিমোখ সেল
dcamlco@krishibank.org.bd
 Phone: 02-47120513

প্রকা/আরএমডি(৩০)/২০২১-২২/৩৮০৮

তারিখ: ৩০/০৫/২০২২ইং

- ০১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
- ০২। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
- ০৩। সকল আঞ্চলিক/ মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক
- ০৪। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়
- ০৫। সকল শাখা ব্যবস্থাপক (আঞ্চলিক/ মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : CAMLCO conference এ গৃহীত সুপারিশসমূহ ব্যাংকের সকল কর্মকর্তাকে অবহিতকরণ প্রসঙ্গে।

বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (BFIU) এর উদ্যোগে ও The Association of Anti Money Laundering Compliance Officers of Bank in Bangladesh (AACOBB) এর সহযোগীতায় গত ১১-১৩ মার্চ, ২০২২ মেয়াদে কর্মবাজারস্থ হোটেল কর্ম টুডে এ অনুষ্ঠিত হয়েছে। তফসিলি ব্যাংকসমূহের ১৭ম সম্মেলনের মূল প্রতিপাদ্য বিষয় ছিল Digital Transformation of Financial Services: Challenges and Opportunities. সম্মেলনের দ্বিতীয় দিনে প্যানেল আলোচক হিসেবে বাংলাদেশ কৃষি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মহাদেয় “Financial Crime in Digital Space: Special Focus on e-commerce service” বিষয়ে মূল্যবান নির্দেশনা প্রদান করেন।

সম্মেলনের সমাপনী সেশনে তিনিদিনের বিভিন্ন বিষয়ের উপর বিভাগিত অলোচনার প্রেক্ষিতে ব্যাংকসমূহের মানিলভারিং ও সন্ত্বাসে অর্থায়ন প্রতিরোধে পরিপালন ব্যবস্থা আরও জোরদার করার লক্ষ্যে নিম্নোক্ত সুপারিশসমূহ গৃহীত হয় :


১. ডিজিটাল ফাইন্যান্সিয়াল সার্ভিস ও প্রোডাক্ট চালুর পূর্বে ব্যাংক কর্তৃক প্রোডাক্ট ও সার্ভিস এর ML/TF সংশ্লিষ্ট বুকি নিরূপণ করার বাধ্যবাধকতা রয়েছে। ব্যাংকের মানিলভারিং প্রতিরোধ সেল ও সংশ্লিষ্ট বিভাগের সাথে প্রয়োজনীয় সমন্বয় নিশ্চিত করে এ ধরনের সার্ভিস এর ML/TF বুকি নিরূপণ করে পরিপালনের লক্ষ্যে আবশ্যিকভাবে বিএফআইইউ এ দাখিল করা;
২. ই-কমার্স ও ভার্চুয়াল এসেট ইত্যাদি লেনদেনের ক্ষেত্রে ব্যাংকের ক্রেডিট কার্ডের অপব্যবহার রোধে মানিলভারিং ব্যবস্থা জোরদার করা। এছাড়াও, ক্রেডিট কার্ডের মাধ্যমে বৈদেশিক লেনদেনের ক্ষেত্রে গ্রাহককে প্রদত্ত সীমার মধ্যে থেকে লেনদেন নিশ্চিত করা। কোনো গ্রাহকের সীমার অতিরিক্ত লেনদেন হলে তা বিএফআইইউ এ এসটিআর হিসেবে দাখিল করা;
৩. বিকেবি কর্তৃক ডিজিটাল প্লাটফর্মে অস্বাভাবিক ও সন্দেহজনক লেনদেন শনাক্ত করার জন্য লেনদেন মনিটরিং ব্যবস্থা জোরদার করা; মার্চেন্ট এ্যাকুয়ারিং এর ক্ষেত্রে তাদের বৈধতা, সক্ষমতা, পরিকল্পনা এবং এ্যাকুয়ারিং উভর তাদের কার্যক্রম মনিটরিং করা;
৪. ব্যাংকের ই-কমার্স গ্রাহকদের/ মার্চেন্টদের সিডিডি/ইডিডি যথাযথভাবে সম্পন্ন করা। ইতোমধ্যে খোলা হিসাবসমূহ নিয়মিতভাবে পর্যালোচনার মাধ্যমে অস্বাভাবিক কোন কিছু সন্দাক্ষ হলে বিএফআইইউ এ এসটিআর/এসএআর দাখিল করা;
৫. ডিজিটাল ফাইন্যান্সিয়াল সার্ভিসের ব্যবহারের মাধ্যমে প্রতারণা বা জালিয়াতির ঘটনা ঘটলে তা দ্রুত বিএফআইইউ কে অবহিত করা;
৬. ডিজিটাল ট্রান্সফরমেশনের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক সমন্বিত ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা গ্রহণ করা;
৭. ICT Risk Management গাইডলাইনটি যুগেয়োগী ও হালনাগাদ করার জন্য বিএফআইইউ কর্তৃক বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ করা;
৮. বিএফআইইউ কর্তৃক ডিজিটাল ফাইন্যান্সিয়াল সার্ভিসের অপব্যবহার সম্পর্কিত ML/TF সংশ্লিষ্ট রেডফ্ল্যাগ ব্যাংকের শাখাসমূহকে অবহিত করা;
৯. বাংলাদেশের আর্থিক খাতের ডিজিটাল ট্রান্সফরমেশন অবস্থা মূল্যায়নে বিএফআইইউ'র নেতৃত্বে বিআইবিএম, বাংলাদেশ ব্যাংক ও আর্থিক খাতের নিয়ন্ত্রণকারী সংস্থাদের নিয়ে সমন্বিত উদ্যোগ গ্রহণ করা। এক্ষেত্রে প্রধান কার্যালয়ের এই সেলকে update থাকতে হবে;
১০. বিকেবি কর্তৃক অনলাইন লেনদেন, অনলাইন বোর্ডিং ও ফরেক্স ট্রেডিং এর ক্ষেত্রে ব্যাংকিং সেন্টেরের অপব্যবহার রোধে মনিটরিং ব্যবস্থা জোরদার করাতঃ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা। প্রয়োজনে স্ব-উদ্যোগে সোশ্যাল মিডিয়া ওয়েব কন্টেন্ট মনিটর করা;
১১. বিকেবি কর্তৃক ডিজিটাল প্লাটফর্মে ML/TF প্রতিরোধ বিষয়ক সচেতনতা বৃদ্ধির জন্য সোশ্যাল মিডিয়ায় প্রচারণার ব্যবস্থা করা। প্রয়োজনে AACOBB কর্তৃক সকল ব্যাংকের সহযোগীতায় এ ধরনের প্রচার-প্রচারণার উদ্যোগ গ্রহণ করা। বিকেবি কর্তৃক এ ধরনের প্রচার প্রচারণায় অংশগ্রহণ করতে হবে;

৪/১/০

পরবর্তী পৃষ্ঠায় দ্রষ্টব্য

১২. Virtual Currency লেনদেন, সাইবার ক্রাইমসহ অন্যান্য বিবর্তনশীল মানিলভারিং ও সম্ভাসে অর্থায়ন ঝুকি (Emerging ML/TF Risk) মোকাবেলায় ব্যাংকের কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করা;
১৩. বিকেবি কর্তৃক Digital Transformation of Financial Service সংশ্লিষ্ট ML/TF ঝুকি ও প্রতিরোধ বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম চালু করা;
১৪. বাংলাদেশে মানিলভারিং ও সম্ভাসে অর্থায়ন প্রতিরোধ ব্যবস্থা প্রতিষ্ঠার ২০ বছর (দুই দশক) পূর্তির বিষয়ে বিএফআইইউ ও AACOBB কর্তৃক ঘোষিতভাবে উদ্যাপনের উদ্যোগ গ্রহণ করা হলে বিকেবি এতে অংশগ্রহণ করার ব্যবস্থা করা;
১৫. করোনা মহামারীর ক্ষতিপূরণে সরকার ঘোষিত Stimulus package এর আওতায় প্রদত্ত খণ্ডের অর্থের সঠিক ব্যবহার নিশ্চিত করা হয়েছে কিনা ব্যাংকের সকল শাখা কর্তৃক তা পর্যালোচনা করত: সন্দেহজনক কোনো কার্যক্রম পরিলক্ষিত হলে বিএফআইইউ এ এসটিআর/এসএআর দাখিল করা;
১৬. বিএফআইইউ এর নির্দেশনা মোতাবেক বৈদেশিক বাণিজ্য কার্যক্রম পরিচালনা করা এবং শেল ব্যাংক এর সাথে সম্পর্ক স্থাপন না করার বিষয়ে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা। এ লক্ষ্যে, ইতোপূর্বে স্থাপিত RMA রিভিউ করতঃ বিএফআইইউকে অবহিত করা। এক্ষেত্রে বিকেবির সকল এডি শাখাকে সর্তকতা বিষয়ক স্পষ্ট ধারণা থাকতে হবে;
১৭. ডিজিটাল ফাইন্যান্সিয়াল সার্ভিসের অপব্যবহার রোধে বিকেবির সকল কর্মকর্তাদের Know Your Employee (KYE) নিশ্চিত করা;
১৮. End to End Digitalization প্রক্রিয়ার অংশ হিসেবে ইতোমধ্যে খোলা হিসাবসমূহের ক্ষেত্রে e-KYC গাইডলাইনের নির্দেশনা বাস্তবায়ন নিশ্চিত করা;
১৯. বিকেবি এ সিডিডি/লেনদেন মনিটরিং/বিভিন্ন কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে প্রযুক্তির যথাযথ ব্যবহার নিশ্চিত করা।

এমতাবস্থায়, উপর্যুক্ত নির্দেশনাবলী সকলকে অবহিত করা হলো এবং প্রযোজ্য ক্ষেত্রে অনুসরণীয় নির্দেশনাবলী যথাযথভাবে পরিপালন ও বাস্তবায়নের মাধ্যমে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হলো।


৩৫
৩৫
০৫ জুন ২০২২
(চনু গোপাল ঘোষ)

উপব্যবস্থাপনা পরিচালক

ও

প্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO)

সদর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা প্রয়েরের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। পত্রাটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ০৫। নথি/মহানথি।